

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
প্রশাসন-৩
www.emrd.gov.bd

নং-২৮.০০.০০০০.০১৩.১১.০০৯.২০১৫-

তারিখঃ ০১/০২/২০১৭

প্রজ্ঞাপন

বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন আইন, ২০০৩ (সংশোধন আইন, ২০০৫ ও সংশোধন আইন, ২০১০) এর ৬ ধারা অনুযায়ী জনাব মোঃ মিজানুর রহমান, পিতাঃ জনাব মোঃ সাখাওয়াত উল্লাহ, ১-বি ওয়াপদা অফিসার্স কোয়ার্টার, পরিবাগ, ঢাকা-কে বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন এর সদস্য হিসেবে নিম্নে উল্লিখিত শর্তে নিয়োগ প্রদান করা হল।

২। নিয়োগের শর্তাবলী নিম্নরূপঃ

- ক. তাঁর চাকুরির মেয়াদ হবে ৩ (তিন) বৎসর এবং এই মেয়াদ যোগদানের তারিখ হতে কার্যকর হবে ;
- খ. তাঁর চাকুরি কমিশনের সার্বক্ষণিক চাকুরি হিসেবে বিবেচিত হবে এবং কমিশনে নিযুক্ত থাকা অবস্থায় তিনি লাভজনক অন্য কোন চাকুরিতে নিয়োজিত হতে পারবেন না ;
- গ. তিনি যে কোন সময় ১ (এক) মাসের নোটিশ প্রদানপূর্বক রাষ্ট্রপতির উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে পদত্যাগ করতে পারবেন ;
- ঘ. তাঁর অপসারণের ক্ষেত্রে বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন আইন, ২০০৩ এর ১১ ধারা প্রযোজ্য হবে;
- ঙ. তিনি অর্থ মন্ত্রণালয় কর্তৃক ২৯/০৫/২০১১ তারিখের স্মারক নং-০৭.১৬১.০০০.০০.০০২.২০১০-১৫১ দ্বারা মাসিক মূল বেতন হিসেবে নির্ধারিত ৪৯,০০০/- (উনপঞ্চাশ হাজার) টাকা ও বাড়ি ভাড়া বাবদ নির্ধারিত ২৬,৬০০/- (ছাব্বিশ হাজার ছয়শত) টাকা প্রাপ্য হবেন। এছাড়া, তিনি তাঁর ব্যবহারের জন্য একটি সার্বক্ষণিক মোটরযান এবং তাঁর নিজের ও পরিবারের সদস্যদের জন্য দেশের অভ্যন্তরে প্রাপ্ত চিকিৎসা সুবিধা ভোগ করবেন;
- চ. নিয়োগ প্রাপ্তির পর তিনি নিজ নামে বা বেনামে (পোষ্যদের নামে) বিদ্যুৎ ও জ্বালানি খাতভুক্ত কোন ব্যবসা পরিচালনা করতে পারবেন না ;
- ছ. চাকুরি সংক্রান্ত অন্যান্য শর্ত বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন আইন, ২০০৩ এবং বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (সংশোধন) আইন, ২০০৫ এবং বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (সংশোধন) আইন, ২০১০ ও পরবর্তীতে প্রণীতব্য বিধি দ্বারা নিয়ন্ত্রিত হবে।

৩। জনস্বার্থে এ আদেশ জারী করা হল।


রাষ্ট্রপতির আদেশক্রমে,
স্বাক্ষরিত/-
০১/০২/২০১৭
(মোহাম্মদ আহসানুল জব্বার)
অতিরিক্ত সচিব (প্রশাসন ও অপারেশন)

তারিখঃ ০১/০২/২০১৭

নং-২৮.০০.০০০০.০১৩.১১.০০৯.২০১৫- ৫৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
- ৫। সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। চেয়ারম্যান, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন, চট্টগ্রাম/পেট্রোবাংলা, ঢাকা।
- ৭। জনাব মোঃ মিজানুর রহমান, ১-বি ওয়াপদা অফিসার্স কোয়ার্টার, পরিবাগ, ঢাকা।
- ৮। সচিব, বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন, কাওরান বাজার, ঢাকা।
- ৯। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
- ১০। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১১। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
- ১২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১৩। সচিবের একান্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।


(সিদ্ধিক আলী)
যুগ্মসচিব (প্রশাসন-৩)
ফোনঃ ৯৫৫১১৪৩